

## সোলার হাইব্রিড এসি

### সোলার হাইব্রিড এসি এর বিশেষ বৈশিষ্ট্য

এটি ৩টি পদ্ধতিতে পরিচালিত হতে পারে -

#### হাইব্রিড

এই এসি একই সাথে সোলার প্যানেল এবং মেইন হিড লাইন (AC Power) থেকে পাওয়ার শেয়ার করতে পারে। এই ক্ষেত্রে এসি চালানোর জন্য পর্যাপ্ত সৌর শক্তি থাকলে এসি মেইন হিড লাইন (AC Power) থেকে কোনো বিদ্যুৎ শক্তি ব্যাবহার করবেনা। যদি সোলার প্যানেলগুলি এসি চালানোর জন্য পর্যাপ্ত পাওয়ার সরবরাহ না করতে পারে হাইব্রিড সিস্টেম মেইন হিড লাইন (AC Power) থেকে আংশিক পাওয়ার গ্রহণ করে।

#### অন হিড

এটি সোলার প্যানেল ছাড়াই চলতে পারে যদি শুধুমাত্র একটি প্রচলিত এসির মতো প্রধান হিড লাইনের সাথে সংযুক্ত থাকে।

#### অফ হিড

এই এসি মেইন হিডের (AC Power) কোন সাহায্য ছাড়াই শুধুমাত্র সোলার প্যানেল দ্বারা চালিত হতে পারে যদি সোলার প্যানেল প্রয়োজনীয় পাওয়ার সবটুকু সরবরাহ করতে সক্ষম হয়। অফহিডে চলা অবস্থায় সোলার প্যানেল পর্যাপ্ত পাওয়ার দিতে সক্ষম না হলে ডিসপ্লেতে "LS" (অর্থাৎ Low Sun) দেখাবে এবং আউটডোর বন্ধ হয়ে যাবে। (শুধু দিনের বেলার ক্ষেত্রে প্রযোজ্য)

#### বিশেষ বৈশিষ্ট্য

সোলার প্যানেল এর পরিবর্তে পর্যাপ্ত পাওয়ার দিতে সক্ষম এমন ব্যাটারি ব্যাংক দিয়েও এসি চালানো যাবে।

#### বিশেষ রিমোট ফাংশন

এসিকে COOL মোডে রেখে রিমোট কন্ট্রোলারের ECO বাটন ২ বার চাপলে, সোলার থেকে কত শতাংশ পাওয়ার পাওয়া যাচ্ছে তার পরিমাণ ইনডোর ইউনিটের ডিসপ্লেতে ৩ সেকেন্ড এর জন্য দেখা যাবে।

#### যেভাবে পাওয়ার সংযোগ দিতে হবে

##### সোলার পাওয়ার

সোলার পানেল থেকে ডিসি পজিটিভ এবং ডিসি নেগেটিভ সংযোগ তার আউটডোর ইউনিট এর MC4 কানেক্টর এর মাধ্যমে সংযোগ স্থাপন করে পাওয়ার দিতে হবে।

##### মেইন হিড পাওয়ার

আউটডোর ইউনিট এ -৩ কোর পাওয়ার ক্যাবল দিয়ে সার্কিট ব্রেকারের মাধ্যমে এসি পাওয়ার (AC Power লাইন, নিউট্রাল, আর্থিং) সংযোগ দিতে হবে।

##### সার্ভিস ক্যাবল সংযোগ

আউটডোর ইউনিট থেকে ইনডোর ইউনিট এ চার কোর বিশিষ্ট তারের মাধ্যমে ডিসি পজিটিভ, ডিসি নেগেটিভ, সিগন্যাল এবং আর্থিং সংযোগ তারের মাধ্যমে সার্ভিস ক্যাবলের সংযোগ স্থাপন করতে হবে।

##### পাওয়ার সংক্রান্ত তথ্য সমূহ

- হাইব্রিড : - AC Voltage : 136V-290V
- DC Voltage : 48V-400V

\* হাইব্রিড অপারেশনে সোলার প্যানেলের পাওয়ার কম থাকলে AC Power Source থেকে প্রয়োজনীয় পাওয়ার গ্রহণ করবে।

অন হিড : AC Voltage : 136V-290V

অফ হিড : DC Voltage : 120V-400V

\* অফ হিড অপারেশনে এসি চালানোর জন্য সম্পূর্ণ পাওয়ার দিতে সক্ষম এমন পরিমাণ সোলার প্যানেল স্থাপন করা বাধ্যতামূলক।